রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, সেপ্টেম্বর ২১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ভাদ্র, ১৪৩৩ ব./১৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

নং **০৩.১৪.২৬৯০.০৬৮.২০.০০২.২৫-৪৮৪**—মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ (মিডা) এর অধিক্ষেত্র এবং সন্নিহিত এলাকায় ২০২৯ সাল নাগাদ বাস্তবায়নের জন্য অগ্রাধিকার চিহ্নিত প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রাধিকার ভিত্তিতে ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান, বস্তুচ্যুত জনগণের পুনর্বাসন এবং দক্ষতা উন্নয়ন ও জীবিকার পুনর্বাসন এর ব্যবস্থা গ্রহণ প্রকল্পসমূহ বাস্তবায়নের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে৷ ২০২৯ সাল নাগাদ বাস্তবায়নের জন্য অগ্রাধিকার চিহ্নিত প্রকল্পসমূহ -(১) মাতারবাড়ী সমুদ্র বন্দর নির্মাণ প্রকল্প (চবক অংশ); (২) মাতারবাড়ী সমুদ্র বন্দর নির্মাণ প্রকল্প (সওজ অংশ); (৩) Land Based LNG টার্মিনাল নির্মাণ প্রকল্প; (৪) Land Based LPG টার্মিনাল এবং LPG Storage নির্মাণ প্রকল্প; (৫) ৩য় Floating Storage Regasification Unit (FSRU) নির্মাণ প্রকল্প; (৬) CPGCBL কর্তৃক ৩য় এবং ৪র্থ Coal Based Power Plant নির্মাণ প্রকল্প; (৭) Oil Refinery & Petro Chemical Complex নির্মাণ প্রকল্প; (৮) Dockyard (Drydock)/ Shipyard নির্মাণ প্রকল্প এবং (৯) MIDA Office নির্মাণ প্রকল্প এবং এতদসংশ্লিষ্ট ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করার নিমিত্ত প্রয়োজনীয় সমন্বয় এবং দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে নিম্নরূপভাবে মিডা প্রকল্প সংক্রান্ত উচ্চপর্যায়ের **(সমন্বয়)** একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১। | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সভাপতি |
| ০২। | সিনিয়র সচিব/সচিব, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| ০৩। | সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| ০৪। | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| ০৫। | সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় | - সদস্য |
| ০৬। | সচিব, বিদ্যুৎ বিভাগ | - সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ০৭। | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - সদস্য |
| ০৮। | সচিব, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |
| ০৯। | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| ১০। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| ১১। | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | - সদস্য |
| ১২। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - সদস্য |
| ১৩। | সদস্য, ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ | - সদস্য |
| ১৪। | সদস্য (বন্দর ও মেরিন অ্যাফেয়ার্স), মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ | - সদস্য |
| ১৫। | মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| ১৬। | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | - সদস্য |
| ১৭। | জেলা প্রশাসক, কক্সবাজার | - সদস্য |
| ১৮। | সদস্য (প্রশাসন ও অর্থ), মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ | - সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

০১। মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ এর অধিক্ষেত্র ও সন্নিহিত এলাকার (২০২৯ সাল নাগাদ বাস্তবায়নযোগ্য) অগ্রাধিকার প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করণের জন্য ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন, সমন্বয় এবং উদ্ভূত চ্যালেঞ্জ উত্তরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

০২। প্রয়োজনে কমিটি অগ্রাধিকার প্রকল্পের তালিকায় নতুন প্রকল্প অন্তর্ভুক্ত করতে পারবে;

০৩। কমিটি প্রয়োজনে বিশেষ আমন্ত্রণে স্থানীয় মাননীয় সংসদ সদস্য/ জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি এবং সভায় সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি বা বিষয় সম্পর্কে বিশেষজ্ঞ ব্যক্তিকে সভায় অংশগ্রহণের অনুরোধ করতে পারবে; এবং

০৪। কমিটি প্রয়োজন অনুযায়ী যেকোনো মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষ/সংস্থার উপযুক্ত প্রতিনিধিকে সদস্য হিসেবে কো-অপ্ট (Co-opt) করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাহমিদ ফারহান**
পরিচালক-১।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd